‘পুষ্পা টু’: মুক্তির এক ঘণ্টায় পাইরেসির কবলে

written by Chandradip News24 | December 6, 2024

সুকুমার পরিচালিত আলোচিত তেলেগু সিনেমা ‘পুষ্পা টু’ মুক্তির পর থেকেই চাঞ্চল্য তৈরি করেছে। আল্লু অর্জুন ও রাশমিকা মান্দানা অভিনীত সিনেমাটি বৃহস্পতিবার (৫ ডিসেম্বর) বিশ্বের সাড়ে ১২ হাজার পর্দায় মুক্তি পেয়েছে। তবে মুক্তির মাত্র এক ঘণ্টা পরেই এটি পাইরেসির কবলে পড়েছে।

ইন্ডিয়া টুডে জানিয়েছে, ‘পুষ্পা টু’ সিনেমা ইতিমধ্যেই টরেন্ট প্ল্যাটফর্ম এবং পাইরেসি ওয়েবসাইটে ফাঁস হয়েছে। মুভিরুলস, তামিলরকার্স, ফিল্মিজিলা, তামিলযোগী, তামিলব্লাস্টার, বলি৪ইউ-এর মতো বেশ কয়েকটি ওয়েবসাইটে সিনেমাটি এইচডি কোয়ালিটিতে বিনামূল্যে ডাউনলোডের জন্য পাওয়া যাচ্ছে।

নির্মাতারা আশ্বাস দিয়েছিলেন যে, এই সিক্যুয়েলটি প্রথম সিনেমা ‘পুষ্পা: দ্য রাইজ’-এর চেয়েও বেশি চমকপ্রদ হবে। প্রথম সিনেমার বাজেট ছিল ১৯৩ কোটি রুপি, যেখানে দ্বিতীয়টির বাজেট প্রায় দ্বিগুণ, ৪০০-৫০০ কোটি রুপি।

[illegible]

[illegible]

[illegible]: [illegible]-[illegible]
[illegible], [illegible] [illegible] [illegible]